

“মুজিব বর্ষের কূটনীতি,
প্রগতি ও সম্প্রীতি”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
পশ্চিম এশিয়া অনুবিভাগ
সেগুনবাগিচা, ঢাকা
www.mofa.gov.bd



নং- ১৯.০০.০০০০.৪৬৫.১০.৬০৩.২২/১৪৫ (১)

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৮
০৩ মার্চ ২০২২

প্রেরকঃ জনাব মোঃ আরিফুর রহমান
সহকারী সচিব (পশ্চিম এশিয়া)

প্রাপকঃ জনাব মোঃ শফিকুর রহমান
পরিচালক (পশ্চিম এশিয়া)

বিষয়ঃ আগামী ০৭-১২ মার্চ ২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত সংযুক্ত আরব আমিরাতে সরকারি সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ০৭-১২ মার্চ ২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত আরব আমিরাতে সরকারি সফর করবেন। তাঁর এ সফরের সফরসঙ্গী দলের সদস্য হিসেবে আপনার অনুকূলে সরকারি সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছি।

০২। উল্লিখিত মঞ্জুরির শর্তাবলি নিম্নরূপঃ

- শ্রমণকালীন আপনি সরকারি কাজে কর্তব্যরত রয়েছেন বলে গণ্য হবেন।
- দলের সদস্য হিসেবে আপনি যাতায়াতের জন্য বিমান ভাড়া ও বিধি অনুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন এবং এ ব্যয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থ-বছরের বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে সংকুলান করা হবে।
- আপনি আগামী ০৭ মার্চ ২০২২ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে সংযুক্ত আরব আমিরাতের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ১২ মার্চ বা তার নিকটবর্তী সময়ে ঢাকা-এর উদ্দেশ্যে সংযুক্ত আরব আমিরাত ত্যাগ করবেন।
- জরুরী অবস্থা ব্যতীত অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় আপনি বিদেশে অবস্থান করবেন না।

০৩। যথোপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(মোঃ আরিফুর রহমান)
সহকারী সচিব (পশ্চিম এশিয়া)
ফোনঃ ০২২২৩৩৮৭৯০০
ইমেইলঃ as.wa1@mofa.gov.bd

নং- ১৯.০০.০০০০.৪৬৫.১০.৬০৩.২২/১৪৫ (১)

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৮
০৩ মার্চ ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক (প্রশাসন/পশ্চিম এশিয়া)/রাষ্ট্রাচার প্রধান, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। পরিচালক (পররাষ্ট্রমন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র প্রতিমন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র সচিবের দপ্তর/সংস্থাপন)/রাষ্ট্রাচার উপ-প্রধান (সফর), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২তলা সরকারি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (সফর/সংস্থাপন-১/বাজেট/তহবিল/আইসিটি)
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৬। অফিস কপি।

(মোঃ আরিফুর রহমান)
সহকারী সচিব (পশ্চিম এশিয়া)